64

ভোরের কাগজ

তারিখ ...APR. 27 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

# এক বছরে দেড় হাজার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত

কাগজ প্রতিবেদক : সরকার চলতি অর্থবছরে ১ হাজার ৪৮৫টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে নিয়মিত অনুদানের জন্য এমপিওভুক্ত করেছে। এর ফলে এখন থেকে এই প্রতিষ্ঠানগুলোর শিক্ষক ও কর্মচারীরা প্রতি মাসে মূল বেতনের ৮০ ভাগ সরকারি খাত থেকে পাবেন।

এই নিয়ে বর্তমান সরকারের ৩ বছরে মোট ৩ হাজার ৪১৬টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হলো। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

এ বছর ৬৪৬টি জুনিয়র স্কুল, ৪০২টি উচ্চ বিদ্যালয়, ২০০টি কলেজ এবং ২১৬টি মাদ্রাসাকে এমপিওভুক্ত করা হয়। এ ছাড়া কারিগরি বিষয়ের জন্য এমপিওভুক্ত হয়েছে আরো ২১টি অতিরিক্ত কলেজ। জানা গেছে, ভুয়া এমপিও তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে চিহ্নিত করে তাদের অনুদান বন্ধ করে দেওয়ায় এ বছর অধিকসংখ্যক প্রতিষ্ঠানকে এই তালিকায় নিয়ে আসা সম্ভব হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়।

ইতিমধ্যে নতুনভাবে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের চিঠি পাঠানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, তালিকাভুক্ত যেসব প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামোসম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণে ব্যর্থ হবে পরবর্তী অর্থবছরে সেইসব প্রতিষ্ঠানের এমপিওভুক্তি বাতিল করা হবে।

ঐ প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, যে সকল প্রতিষ্ঠান প্রচলিত স্টাফিং প্যাটার্নের শর্ত পূরণ করে না, সেইসব প্রতিষ্ঠানে পদ শূন্য হলে মহিলা শিক্ষক নিয়োগ করতে হবে। মোট পদের শতকরা ৩০ ভাগ মহিলাদের দ্বারা পূরণ না হওয়া পর্যন্ত এই প্রক্রিয়া চলতে থাকবে।

এ বছর এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আগামী ১৬ মের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারদের মাধ্যমে ব্যানবেইস ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ব্যানবেইসের পরিচালকের বরাবরে পাঠানোর কথাও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।